

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮০০

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যেই কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পূর্বে বর্ণিত রমল করেছেন তার বিবরণ

ذَكَرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا رَمَلَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَا وَصَفْنَا

আরবী

3800 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا حَبَّانُ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ عَنْ فِطْرِ: عَنْ أَبِي الطُّفَيْلِ قَالَ: دَخَلْتُ عَلَى ابْنِ عَبَّاسٍ فَقُلْتُ: يَا ابْنَ عَبَّاسٍ إِنَّ قَوْمَكَ يَزْعُمُونَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَمَلَ وَأَنَّهُ سَنَةٌ؛ فَقَالَ: صَدَقُوا وَكَذَبُوا قَدْ رَمَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَيْسَ بِسَنَةٍ - ثُمَّ قَالَ: قَدِمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْمُشْرِكُونَ عَلَى قُعَيْقَعَانَ وَقَدْ تَحَدَّثُوا أَنَّ بِصَحَابَةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هُزَالًا وَجَهْدًا فَأَمَرَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَرْمُلُوا لِيُرِيَهُمْ أَنَّ بِهِمْ قُوَّةَ. الراوي : أَبُو الطُّفَيْلِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3800 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1647): م ، ويأتي بنحوه (3830).

বাংলা

৩৮০০. আবুত তুফাইল থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুর কাছে গমন করে বলি, “হে ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু, নিশ্চয়ই আপনার কওমের লোকেরা বলছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমল করেছেন এবং এটা সুন্নাত।” তখন তিনি বলেন, “তারা কিছু সত্য ও কিছু অসত্য কথা বলেছেন। অবশ্যই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমল করেছেন কিন্তু এটা সুন্নাত নয়।” তারপর তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় আগমন করেন আর মুশরিকরা কুয়াইকিআন নামক স্থানে ছিলো। তারা বলাবলি করছিলো, নিশ্চয়ই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীগণ ক্লীষ্ট ও দুর্বল হয়ে পড়েছেন।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে রমল করার (বীরদর্পে জোর কদমে হাঁটার) নির্দেশ দেন, যাতে তিনি মুশরিকদের নিজেদের শক্তিমত্তা দেখাতে পারেন।”[1]

ফুটনোট

[1] হুমাইদী: ৫১১; মুসনাদ আহমাদ: ১/২২৯; তাহাবী: ২/১৮০; তাবারানী আল কাবীর: ১৬০২৫; সহীহ মুসলিম: ১৪৬৪; আবু দাউদ: ১৮৮৫; ইবনু মাজাহ: ২৯৫৩; তাহাবী: ২/১৭৯; সহীহুল বুখারী: ১৬০২; নাসাজি: ৫/২৪২; তিরমিযী: ৮৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবুত্ব তুফায়ল (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93139>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন